তারিখ ..21 AUG 2016...
পৃষ্ঠা ...৩... কলাম ...2...

সমকাল

# ইসলামপুরে শিক্ষক নিয়োগকে কেন্দ্র করে বিক্ষোভ

## স্কুলে তালা

■ জামালপুর প্রতিনিধি

ইসলামপুর উপজেলায় চিনাডুলী বালিকা উচ্চ বিদ্যালয়ে এক সহকারী শিক্ষিকাকে বাদ দিয়ে বিদ্যালয়টির প্রধান শিক্ষকের স্ত্রীকে নিয়োগ দেওয়া কেন্দ্র করে শনিবার মানববন্ধন, বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছেন ওই স্কুলের শিক্ষার্থী, অভিভাবকসহ এলাকাবাসী। পরে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিদ্যালয়ে প্রধান শিক্ষকের কক্ষসহ সব শ্রেণিকক্ষে তালা ঝুলিয়ে দেয়।

চিনাডুলী বালিকা উচ্চ বিদ্যালয়ে ২০০৪ সালে শাহানা বেগম সহকারী শিক্ষিকার পদে যোগদান করেন। ২০১০ সালে বিদ্যালয়টি এমপিওভুক্ত হওয়ার আগ পর্যন্ত বিনা বেতনে তিনি চাকরি করেন এবং এখনও তিনি দায়িত্বরত আছেন। সম্প্রতি বিদ্যালয়টির প্রধান শিক্ষক মো. রুহুল আমীন আনছারী কৌশলে শাহানা বেগমের নাম বাদ দিয়ে তার স্ত্রী মোছা. ফারজানা বেগমের নাম এমপিওভুক্ত করান। বিষয়টি জানার পর বিদ্যালয়ের শিক্ষার্থী, অভিভাবক ও এলাকাবাসী বিক্ষুব্ধ হয়ে ওঠে। শনিবার দুপুরে তারা বিদ্যালয়ের সামনে ইসলামপুর-মাহামুদপুর সড়ক অবরোধ করে মানববন্ধন ও প্রধান শিক্ষকের কুশপুত্তলিকা দাহ করেন। মানববন্ধনে বক্তব্য রাখেন বিদ্যালয়টির সাবেক প্রধান শিক্ষক দৌলতুজ্জামান, নূরুন্নবী, সাইদুর রহমান, জহুরুল ইসলাম প্রমুখ।

বিদ্যালয়টির প্রধান শিক্ষক মো. রুহুল আমীন আনছারী বলেন, ২০১৫ সালের ১ আগস্ট শাহানা বেগম সহকারী শিক্ষিকার পদ থেকে পদত্যাগ করেছেন। তবে এ কথা অস্বীকার করে শাহানা বেগম এখনও নিজেকে ওই বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে দাবি করেন। শাহানা বেগম বলেন, মাতৃত্বকালীন ছুটিতে থাকা অবস্থায় প্রধান শিক্ষক কৌশলে তার পদত্যাগপত্র লিখে তাতে তার জালসই দেন। শাহানা বেগম এ দুর্নীতি ও অনিয়মের বিচার দাবি করেন।